

আগুনের স্ফুরণে তেজস্ক্রিয় শক্তির হাত
ঘাম জন্মা ফসলের লম্ব লম্ব মাঠে
খুশির স্ফূর্তি ঝরে.
উমষের গুমোঠ নিয়ে নিষ্ক্রিয় বেলুনও
উড়ে যায় সমুদ্রের আকাশ ধরে,

বিশ্বস্ততার পরে জাগা
পা টিপে আসা মৃদুভোর
ঝরা শেফালির বিছানা বিছায়
মৃতের স্বপ্ন জাগা সকালের ডানা খোলা পৃথিবী.
সাজানো স্বাধীন তাসের মসৃণ পীঠ
তবু আলো আঁধারী বেছে নিলে তুমি
তন্ময় চিবুক ফোঁটা তিল, সুন্দর তুমি
তোমার সৌন্দর্য মাথা প্রেমিকের চোখ,
বাঁকা তলোয়ার গাঁথা নয়নের
ভস্ম জ্বালা যন্ত্রনাকে বেছে নিলে,
উখাল পাখাল শরীর কিনারায়
পাল ওঠালে নৌকায়,

শক্তির বিপরীত চলমান উত্থানে জাগে
শক্তিপুরুষ, অজ্ঞানতার দ্বার খুলে দিলে
এখন তোমার নিদ্রার সময় হয়েছে,
দেখি দূরের মিলিয়ে যাওয়া
তোমার স্পষ্ট অবয়ব

তাপসকিরণ রায় লিখছেন কোলকাতা থেকে। ১৬/০৬/২০১১